দৈনিক
# ইত্তেফাক

তারিখ ... 06 DEC 1996
পৃষ্ঠা ... ৭ কলাম ... ৩

07

## সরকারী অনুদান ॥ ৮ শত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা ফাইলবন্দি

**আনোয়ার আলদীন** ॥ দেশের নতুন আটশত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানকে সরকারী স্বীকৃতি প্রদানের তালিকা প্রকাশের নির্ধারিত সময় ৩ মাস অতিক্রান্ত হইলেও উহা প্রকাশ করা হয় নাই। সরকার তালিকাভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের মূল বেতনের শতকরা ৮০ ভাগ অনুদান প্রদান করিয়া থাকে। সারাদেশ হইতে আবেদনকৃত ৪ হাজার বেসরকারী নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, মহাবিদ্যালয় ও মাদ্রাসার মধ্য হইতে ৮ শত শিক্ষা প্রতিষ্ঠানকে চূড়ান্তভাবে বাছাই করিয়া তালিকাভুক্ত করা হয়। এই তালিকা প্রকাশ না হওয়ার (২য় পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

### সরকারী অনুদান
(১ম পৃঃ পর)

কারণে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা প্রতিদিন ঢাকায় আসিয়া ধরনা দিতেছেন। এলাকার মন্ত্রী, সংসদ সদস্য ও বিশিষ্ট ব্যক্তিরা দ্বারে দ্বারে ঘুরিতেছেন।

জানা গিয়াছে, গত এপ্রিল মাসে সরকারী সুযোগ-সুবিধা গ্রহণে ইচ্ছুক বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানগুলির নিকট আবেদনপত্র আহ্বান করা হয়। উহার প্রেক্ষিতে যথাযথভাবে প্রায় সাড়ে ৩ হাজার এবং নিয়মের বাহিরে ৫ শত আবেদনপত্র জমা পড়ে। সরকার আবেদনপত্র বাছাই করিয়া ৭ই সেপ্টেম্বরের মধ্যে চূড়ান্ত তালিকা প্রকাশের কথা ঘোষণা করিয়াছিল। নির্ধারিত সময়ে ৮ শত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা চূড়ান্তও করা হয়। এই ৮ শত শিক্ষা প্রতিষ্ঠান সম্পর্কে সরকার সংশ্লিষ্ট জেলার ডিসির মাধ্যমে সরেজমিনে তদন্ত করান। কিন্তু অজ্ঞাত কারণে আজও সেই তালিকা প্রকাশ করা হয় নাই।

অভিযোগ পাওয়া গিয়াছে, তালিকা চূড়ান্ত হওয়ার পর এখন প্রভাবশালী রাজনৈতিক নেতাদের পছন্দমাফিক কাট-ছাট করা হইতেছে। উহাতে ১০ বছরের পুরাতন নামী শিক্ষা প্রতিষ্ঠানকে বাদ দিয়া সদ্য প্রতিষ্ঠিত বেসরকারী প্রতিষ্ঠানকে অন্তর্ভুক্ত করা হইতেছে। এইজন্য যে প্রতিষ্ঠানের তদবিরের জোর বেশী, তাহারা সরকারী অনুদানের তালিকায় নূতন করিয়া স্থান পাইতেছে।

সংশ্লিষ্ট সূত্রে সর্বশেষ জানা গিয়াছে, ৮ শত শিক্ষা প্রতিষ্ঠান তালিকাভুক্তির পর উহা কমাইয়া ৭শত ৬টি করা হইয়াছে। প্রায় এক হাজার মাদ্রাসা অনুদানের জন্য আবেদন করিলেও একটি মাদ্রাসাও এই তালিকায় স্থান পায় নাই।